দৈনিক সংবাদ 112

তারিখ 19 JUL 1988
পৃষ্ঠা 1 কলাম 8

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের আর্থিক কর্মকাণ্ডের হিসেব পরীক্ষার কাজ শুরু হয়েছে

।। রেজোয়ানুল হক রাজা ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন সরকারী অডিট দল গত কয়েক বছরের আর্থিক কর্মকাণ্ডের হিসেব নিরীক্ষার কাজ শুরু করেছে।

অন্যদিকে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ঢাকা বিশ্ববিদ্যালয়ের গত অর্থবছরের প্রায় ৬ কোটি টাকা এখনো অনবমুক্ত রাখায় শিক্ষক-কর্মচারীদের বেতন দেয়া ছাড়া বিশ্ববিদ্যালয়ের রাজস্ব ব্যয় খাতের অন্যান্য কর্মকাণ্ড স্থগিত রাখা হয়েছে। মঞ্জুরি কমিশন ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে জানিয়েছে, সংঘটিত আর্থিক অনিয়ম সংশোধন সাপেক্ষে টাকা দেয়া হবে। এদিকে শিক্ষা মন্ত্রণালয় থেকে

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

### ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

কমিশনকে সম্প্রতি জানানো হয়েছে, সরকারের অনুমোদন ছাড়া যেন ঢাকা ও রাজশাহী বিশ্ববিদ্যালয়কে টাকা দেয়া না হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের অনুরোধে মহাহিসেব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃক গঠিত সরকারী অডিট দলটি গত প্রায় এক সপ্তাহ ধরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে কাজ করছেন। তারা গত কয়েক বছরের হিসেব-নিকেশ, নিয়োগ, বেতন স্কেল নির্ধারণ, পদ সৃষ্টি ইত্যাদি পরীক্ষা করে দেখতে শুরু করেছেন বলে জানা গেছে। সংশ্লিষ্ট একটি সূত্রে আরো জানা গেছে, এই অডিট দলকে বিশ্ববিদ্যালয়ের যে কোন বিষয় পরীক্ষা করে দেখার ক্ষমতা দেয়া হয়েছে। এর আগে অডিট কর্তৃপক্ষের সাথে শিক্ষা মন্ত্রণালয় ও মঞ্জুরি কমিশনের কর্মকর্তাদের বৈঠক অনুষ্ঠিত হয়।

সম্প্রতি কমিশন ও বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের মধ্যে অনুষ্ঠিত এক সভার পর কমিশন বিশ্ববিদ্যালয়কে ৩ কোটি টাকা দিয়েছে। গত অর্থবছরের মোট অনবমুক্ত টাকার পরিমাণ ছিল প্রায় ৯ কোটি। সরকারী অডিট দলের রিপোর্টের ভিত্তিতে বাকী টাকার অবমুক্তি নির্ভর করছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।